প্রিস্কুল স্পেশাল এডুকেশন

উপরিচিত্র

প্রিস্কুল স্পেশাল এডুকেশন সার্ভিসসমূহ ৩ থেকে ৫ বছর বয়সী প্রতিবন্ধিতাযুক্ত ছেলেমেয়ে বা বেড়ে উঠায় বিলম্বের কারণে লেখাপড়ায় প্রভাব পড়ছে, এমন ছেলেমেয়েদের জন্য পাওয়া যায়। এই পরিষেবাসমূহ এনওয়াইসি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (ডিওই) যোগ্য শিক্ষার্থীদেরকে ফ্রি প্রদান করে। কমিটি অন প্রিস্কুল স্পেশাল এডুকেশন (সিপিএসই) প্রি-স্কুলের ছেলেমেয়েদের স্পেশাল এডুকেশনের মূল্যায়নের জন্য দায়িত্বশীল। সন্তান কোথায় স্কুলে যায়, সেটা বিবেচনা ছাড়াই রিজিওন্যাল সিপিএসই অফিসসমূহ পরিবারসমূহকে **হোম** (মূল) স্কুল ডিস্ট্রিক্টে পরিষেবা দিয়ে থাকে। সিপিএসই-এর সাথে যোগাযোগের তথ্যের জন্য ডিওই- এর ওয়েবপেজ
http://schools.nyc.gov/Academics/SpecialEducation/Help/Contacts/CSECPSE

সিপিএসই-এর কর্মপ্রক্রিয়া:

সুপারিশ (রেফারাল):

সিপিএসই-তে সুপারিশ করার আগে, শিক্ষার্থীদের বেড়ে উঠায় ও শিক্ষাদানের বিভিন্ন হস্তক্ষেপমূলক সহায়তা দিতে পরিবার ও শিক্ষকদেরকে একযোগে কাজ করতে হবে। সুপারিশ কেমন হবে:

- পরিবারের হোম ডিস্ট্রিক্ট-এর সিপিএসই বরাবর লিখিত হতে হবে; এবং
- পিতামাতা, ডিওই এর কোন স্কুলের প্রিন্সিপ্যাল, সিপিএসই এডমিনিস্ট্রেটরের কাছে থেকে আসতে হবে।

সুপারিশ পাওয়ার পর সিপিএসই পিতামাতাদের কাছে যা যা পাঠাবে:

- সুপারিশের নোটিস;
- নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট (এনওয়াইএসইডি) প্রসিড্যুরাল সেফগার্ডস নোটিস;
- ইনিশিয়াল প্রিস্কুল ইভালুয়েশন নোটিস; এবং
- এনওয়াইএসইডি অনুমোদিত ইভালুয়েশন সাইটসমূহের তালিকা।

সুপারিশে যা থাকবে:

- একটি প্রিস্কুল স্পেশাল এডুকেশন মূল্যায়নের অনুরোধ;
- বিশেষ লক্ষণীয় উদ্বেগ ও সন্তান অতীতে কোন পরিষেবা পেয়ে থাকলে তার বর্ণনা;
- পরিবারের সাথে যোগাযোগের বিস্তারিত তথ্য; এবং
- পরিবারের অগ্রবিবেচ্য ভাষা, যদি তা হয় ইংরেজিভিন্ন অন্য কোন ভাষা।

সুপারিশ প্রক্রিয়া শুরু করার অন্য একটি পদ্ধতি হলো অন্য কারো দ্বারা আবেদন জানানো। সুপারিশের জন্য আবেদন করে সুপারিশ পাওয়া যেতে পারে। সুপারিশের আবেদনপত্র অবশ্যই:

- পরিবারের হোম ডিস্ট্রিক্ট-এর সিপিএসই বরাবর **লিখিত** হতে হবে;
- সন্তান যে স্কুলে যায় বা যাওয়ার যোগ্য, সে স্কুলের পেশাদার স্টাফদের মধ্যে কাউকে কিংবা ডাক্তার, বিচার বিভাগীয় কর্মকর্তা, কিংবা শিশুদের ওয়েলফেয়ার, হেলথ বা শিক্ষার দায়িত্বে নিয়োজিত কোন সরকারি সংস্থার পেশাদার কর্মচারীদের কাউকে সুপারিশের আবেদন আসতে হবে;
- সুপারিশের কারণ ব্যাখ্যা করতে ও যেসব পরীক্ষার ফলাফল, রেকর্ড বা রিপোর্টের ভিত্তিতে অনুরোধ করা হচ্ছে, সেগুলোকে অন্তর্ভুক্ত করতে হবে;
- সুপারিশের পূর্বে সন্তানের কার্যসম্পাদনার উন্নতি ঘটাতে ব্যবহৃত হস্তক্ষেপের বর্ণনা দিন
- সুপারিশের পূর্বে সন্তানের পিতামাতার সাথে যোগাযোগ বা সংশ্লিষ্টতার বর্ণনা।

সুপারিশের জন্য আবেদন পাওয়ার পর সিপিএসই ১০ স্কুল দিবসের মধ্যে, সন্তানকে মূল্যায়নের জন্য সুপারিশ করতে সম্মত হবে, কিংবা পিতামাতাদের সুপারিশের আবেদনের একটি কপি প্রদান করবে, সন্তানকে প্রাথমিক মূল্যায়নের সুপারিশ করার পিতামাতাদের অধিকার সম্পর্কে অবহিত করবে, এবং সাক্ষাতের জন্য পিতামাতাদের সুযোগ প্রদান করবে।

মূল্যায়ন

পিতামাতাগণ একটি মূল্যায়ন সাইট বেছে নিবেন। সিপিএসই প্রশাসক প্রয়োজনে পিতামাতাদের সহায়তা করবেন। পরবর্তিতে সন্তান একটি মূল্যায়নে অংশগ্রহণ করবে যাতে থাকবে: একটি সামাজিক ইতিহাস; একটি শারীরিক পরীক্ষা; সন্তানের একটি পর্যবেক্ষণ, এবং শারীরিক, মানসিক, আচরণগত ও আবেগজনিত সক্ষমতা নিশ্চিত হওয়ার জন্য পরিচালিত অন্যান্য প্রয়োজনীয় মূল্যায়ন, যা শিক্ষার্থীর প্রতিবন্ধিতার কারণ বলে সন্দেহ করা হয়।

মূল্যায়নের সাইটগুলো যা করবে:

- মূল্যায়ন প্রক্রিয়া ও পিতামাতার ন্যায়বিচার লাভের অধিকার ব্যাখ্যা করা;
- সক্রিয়ভাবে পিতামাতার উদ্বেগ, পর্যবেক্ষণ ও সংশ্লিষ্ট তথ্যের খোঁজ করা;
- মূল্যায়নের জন্য **লিখিত সম্মতি নেওয়া;**

- সম্মতি যে নেওয়া হয়েছে, সিপিএসই-কে তা জানিয়ে দেওয়া।
- প্রয়োজনীয় মূল্যায়ন পরিচালনা করা (প্রথাগত ও প্রথাবহির্ভূত);
- পিতামাতার অগ্রবিবেচ্য ভাষায় মূল্যায়নের সারাংশ প্রতিবেদন সম্পন্ন করা; এবং
- সিপিএসই সভার আগে পিতামাতা ও সিপিএসই-কে মূল্যায়নের সারাংশ প্রতিবেদনসহ মূল্যায়নের প্রতিবেদন প্রদান করা।

সিপিএসই মিটিং:

মূল্যায়ন প্রতিবেদন ও পরিবারের দেওয়া নথির পাশাপাশি মূল্যায়নের সারাংশ প্রতিবেদন পাওয়া ও পর্যালোচনার পর, সিপিএসই সন্তান স্পেশাল এডুকেশন সার্ভিস লাভের যোগ্য কিনা, সেটা যাচাইয়ের জন্য একটি সিপিএসই সভার আয়োজন করবে। এই সভা অবশ্যই পিতামাতার সম্মতি প্রদানের তারিখের পরবর্তী ৬০ ক্যালেন্ডার দিবসের মধ্যে হতে হবে, যদি না পারস্পরিক সমঝোতার মাধ্যমে বিলম্বিত করা হয়। পিতামাতাদেরকে মিটিং-য়ে আসার আমন্ত্রণ জানানো হবে। উপস্থিতির মধ্যে অন্যান্য যারা অন্তর্ভুক্ত, তারা হলেন কমপক্ষে সন্তানের স্পেশাল এডুকেশনের শিক্ষকেদর একজন বা প্রোভাইডার (কিংবা সন্তানের এ পর্যন্ত কোন স্পেশাল এডুকেশনের শিক্ষক/প্রোভাইডার না থাকলে একজন স্পেশাল এডুকেশন শিক্ষক বা প্রোভাইডার), এবং আরও অন্তর্ভুক্ত থাকতে পারেন মূল্যায়ন সাইটের একজন প্রতিনিধি, অতিরিক্ত শিক্ষক, এবং পিতামাতার পছন্দ অনুযায়ী অন্য যে কোন ব্যক্তি। প্রিস্কুল সাধারণ শিক্ষার শিক্ষকদেরকে উপস্থিত হতে উৎসাহিত করা হয় কারণ সন্তান যদি সাধারণ শিক্ষা কর্মসূচিতে গেলে সন্তানের প্রিস্কুল সাধারণ শিক্ষার শিক্ষকদের কমপক্ষে একজনের উপস্থিতি বাধ্যতামূলক।

যদি সন্তানের প্রতিবন্ধিতা, এবং তার জ্ঞানগত, ভাষা ও ভাববিনিময়গত, মানিয়ে চলা, সামাজিক-আবেগজনিত, কিংবা সুক্ষ্ম সঞ্চালনগত ক্ষেত্রে সমস্যা তার বয়সোপযোগী কর্মসূচিতে অংশগ্রহণে প্রভাব ফেলে, কিংবা সন্তান যদি প্রবিধানে বর্ণিত কোন মানদণ্ডের অনুরূপ হলে, সে পরিষেবা লাভের যোগ্য কিনা, সিপিএসই তা নির্ধারণ করবে। যদি নিরূপিত হয় যে সন্তান প্রতিবন্ধিতাযুক্ত প্রিস্কুল শিক্ষার্থী, তাহলে একটি ইনডিভিজুয়েলাইজড এডুকেশন প্রগ্রাম (আইইপি) তৈরি করা হবে। আইইপি ডকুমেন্ট শিক্ষার্থীর চলমান দক্ষতা ও সক্ষমতার প্রমাণ,এটি শিক্ষাগত লক্ষ্য নির্ধারণ করে, এবং তার কী কী স্পেশাল এডুকেশন সহায়তা প্রয়োজন হবে ও পরিষেবা দেওয়া হবে, তা প্রতিষ্ঠা করবে।

আইইপি বাস্তবায়ন:

আইইপি-তে অন্যান্য ব্যক্তিক উপাদানের পাশাপাশি নিম্নলিখিত উপাদানগুলো অন্তর্ভুক্ত থাকবে:

- কর্মসম্পাদনার বর্তমান স্তর;
- পরিমাপযোগ্য বার্ষিক লক্ষ্য;
- সুপারিশকৃতবিশেষ শিক্ষা কর্মসূচি ও পরিসেবা;
- স্বল্পতম নিয়ন্ত্রিত পরিবেশ, যা সন্তানের প্রয়োজনীয় স্পেশাল এডুকেশন সার্ভিসসমূহ, আইইপি নেই, এমন শিক্ষার্থীদের সাথে মেলামেশার সুযোগ, এবং পরিবারের বাড়ির নৈকট্য; এবং
- বিশেষ সুবিধার ব্যবস্থা ও অভিযোজন।

আইইপি বাস্তবায়নের সেরব অনুশীলনী

- নিশ্চিত করা যে, আইইপি একটি সুরক্ষিত, তালাবদ্ধ স্থানে সংরক্ষিত আছে।
- শিক্ষার্থীর আইইপি লক্ষ্য অর্জনের জন্য দৈনিক পাঠ পরিকল্পনা ও কৌশল তৈরি করা।
- শিক্ষার্থীর আইইপি লক্ষ্যমাত্রা অর্জনে অগ্রগতি মূল্যায়নের জন্য চলমান মূল্যায়নের উপাত্ত সংগ্রহ করা ও প্রয়োজন অনুযায়ী পরিকল্পনা ও বাস্তবায়ন কৌশল অবহিত করা।
- শিক্ষার্থীর অগ্রগতি ও চলমান প্রয়োজন মেটানোয় সহায়তা প্রদান নিয়ে আলোচনা ও পরিকল্পনার জন্য প্রোভাইডারদের সাথে চলমান সভা করা (যেমন স্পিচ থেরাপিস্ট, অক্যুপেশন্যাল থেরাপিস্ট, ফিজিক্যাল থেরাপিস্ট, এসইআইটি শিক্ষক)।
- দিনের এবং বিশেষ বিশেষ শিক্ষার্থীদের পরিকল্পনার ব্যাপারে আলোচনার জন্য ক্লাসরুম শিক্ষক ও প্যারাপ্রফেশন্যালদের সূচিভুক্ত সময় ঠিক করা।

বার্ষিক পর্যালোচনা:

বছরে অন্তত একবার আইইপি পর্যালোচনা করতে হবে। সিপিএসইএকটি বার্ষিক পর্যালোচনা সভার আয়োজন করবে যাতে সন্তানের অগ্রগতি মূল্যায়ন করা যায় ও সন্তানের স্বল্পতম নিয়ন্ত্রিত পরিবেশের প্রতিফলনের জন্য সন্তানের কর্মসূচি বা সার্ভিস সংশোধন করা প্রয়োজন কিনা, তা নির্ধারণ করা যায়।

এছাড়াও পিতামাতা, শিক্ষক, কিংবা পরিষেবা প্রদানকারীগণ অনুরোধ জানালে, এবং যতোক্ষণ বছরে একবারের বেশি অনুষ্ঠিত না হবে, ততোক্ষণ পর্যন্ত পিতামাতা বা সিপিএসই অন্য কিছুতে একমত না হলে, সিপিএসই পুনর্মূল্যায়নের ব্যবস্থা করবে।

প্রিস্কুল স্পেশাল এডুকেশন প্রোগ্রাম ও পরিসেবাসমূহ:

পরিষেবাসমূহ প্রদানের আগে সিপিএসই-কে **অবশ্যই পিতামাতার অনুমোদন সংগ্রহ করতে** হবে, এবং পিতামাতাদেরকে অগ্রীম লিখিত বিজ্ঞপ্তি ও আইইপি-এর একটি কপি সংগ্রহ করতে হবে।

প্রতিবন্ধিতাযুক্ত প্রিস্কুল শিক্ষার্থীদের সহায়তার জন্য বিভিন্ন পরিষেবার ব্যবস্থা রয়েছে। এসব পরিষেবা স্বল্প নিয়ন্ত্রিত থেকে অধিকতর নিয়ন্ত্রিত পর্যন্ত বিস্তৃত। স্বল্প নিয়ন্ত্রিত কর্মসূচি শিক্ষার্থীদেরকে অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের পাশাপাশি শিক্ষালাভের সুযোগ দেয়। অধিক নিয়ন্ত্রণযুক্ত কর্মসূচি সেসব শিক্ষার্থীদের জন্য পাওয়া যায় যাদের অধিক বিশেষায়িত সহায়তা ও পরিষেবা প্রয়োজন।

কর্মসূচি ও পরিসেবাসমূহ	বর্ণনা
সংশ্লিষ্ট পরিষেবা	ফিজিক্যাল থেরাপি, অক্যুপেশন্যাল থেরাপি, স্পিচ/ভাষাগত থেরাপি, কাউন্সেলিং, স্থান পরিচিতি ও চলাচল সহায়তা পরিষেবা, শ্রুতি, দৃষ্টি ও স্বাস্থ্য পরিষেবা
স্পেশাল এডুকেশন আইটিনারেন্ট টিচার (এসইআইটি)	প্রাতিষ্ঠানিক, মানসিক ও সামাজিক দক্ষতা বিষয়ে শিক্ষার্থীর সাথে ঘনিষ্টভাবে কাজ করার জন্য সার্টিফিকেটধারী শিক্ষক; ক্ষুদ্র গ্রুপে বা এককভাবে দেওয়া যেতে পারে
একটি সমন্বিত কাঠামোতে স্পেশাল ক্লাস (অর্ধ বা পূর্ণ দিবস)	প্রতিবন্ধিতাযুক্ত ও অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের সাথে একটি ক্লাসরুমের সুপারিশ করা যেখানে তারা একযোগে দুইজন শিক্ষার্থীর কাছে শিক্ষালাভ করবে (একজন সাধারণ শিক্ষার ও একজন স্পেশাল এডুকেশনের শিক্ষক)
স্পেশাল ক্লাস (অর্ধ বা পূর্ণ দিবস)	শুধু প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের পরিষেবা দেয়, এমন একটি ক্লাসরুমে শিক্ষার্থীদের সুপারিশ করা যাদের চাহিদা একটি সাধারণ শিক্ষার কাঠামোযুক্ত বা সমন্বিত ক্লাসরুমে পূরণ করা সম্ভব নয়
আবাসিক ব্যবস্থায় ভর্তি	ছেলেমেয়েরা দিনে ২৪ ঘন্টাব্যাপী পরিচর্যা পেতে পারে, এমন একটি একটি স্টেট-অনুমোদিত সাইটে প্রতিদিন পাঁচ ঘন্টা করে সপ্তাহে পাঁচ দিনের পরিষেবা কর্মসূচি

বাড়তি সহায়তা ও পরিষেবার অন্তর্ভুক্ত আছে এক জনের জন্য একজন প্যারাপ্রফেশন্যাল, সহায়ক প্রযুক্তি, দ্বিভাষিক পরিসেবা এবং আচরণগত সহায়তা।